

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা কার্যালয়, রাজশাহী  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

E-mail: rajshahi@dnc.gov.bd, rajshahidnc@gmail.com

স্মারক নং- ৫৮.০২.৮১০০.১৩৭.০৬.০০৮.২৩-৭৪১

তারিখঃ ২৮/৪/২০২৪ খ্রি:।

বিষয় : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন প্রসংগে।

সূত্র : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অপারেশনস্ অধিশাখার ২২ এপ্রিল, ২০২৪ খ্রি: তারিখের ৫৮.০২.০০০০.০০৯.২৩.০২৩.২১-১০৭ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রতি তাঁর সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যায় যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৪ উদযাপন উপলক্ষে জেলা কার্যালয়সমূহকে জেলা শিক্ষা অফিসার, রাজশাহীর সহযোগিতায় নিম্নলিখিত গ্রুপ, শ্রেণি ও বিষয় ভিত্তিক রচনা প্রতিযোগিতার আয়োজন করার জন্য সূত্রোক্ত পত্রে নির্দেশনা দেয়া হয়েছে। তাই বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও গুরুত্বের সংগে বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে দিবসটি পালনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনি অবগত আছেন যে, দেশের যুব সমাজের একটা অংশ মাদকাসক্ত হওয়ার কারণে সমাজে বিভিন্ন ধরনের অপরাধ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। ফলে সমাজে দেখা দিচ্ছে অশান্তি ও অস্থিরতা। মাদকের করাল গ্রাস থেকে যুব সমাজকে রক্ষা করা ও তাদেরকে সুস্থ নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য অনুকূল পরিবেশ নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য। তরুণ ও যুবসমাজের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আগামী ২৬ জুন, ২০২৪ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতায় আপনার নিয়ন্ত্রণাধীন সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হলো। রচনা প্রতিযোগিতা তিনটি গ্রুপে অনুষ্ঠিত হবে।

রচনা প্রতিযোগিতা

ক্র:নং	গ্রুপ	শ্রেণি	বিষয়বস্তু
০১	ক	৬ষ্ঠ, ৭ম, ৮ম ও সমমান(সর্বোচ্চ-১০০০ শব্দ)	মাদককে রুখব, স্মার্ট বাংলাদেশ গড়ব
০২	খ	৯ম, ১০ম ও সমমান(সর্বোচ্চ ১৫০০ শব্দ)	মাদকমুক্ত বাংলাদেশ সুস্থ জীবন সুস্থ দেশ।
০৩	গ	একাদশ, দ্বাদশ, স্নাতক ও সমমান(সর্বোচ্চ ২০০০ শব্দ)	বাঁচাতে দেশ বাঁচাতে জীবন রুখতে হবে মাদক আত্মসন।

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। রাজশাহী জেলার সকল নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক ও সমমান পর্যায়ে ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণ যোগ্য নয়।
- ৩। রচনার সাথে আলাদা কাগজে প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।



৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।

৫। খামের উপর "রচনা প্রতিযোগিতাঃ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস"-২০২৪ লিখতে হবে।

৬। রচনা আগামী ২৩ মে, ২০২৩ তারিখের মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী, হড়গ্রাম (ঠাকুরমারা), পোস্ট: মিয়াপুর, থানা: কাশিয়াডাঙ্গা, রাজশাহী ঠিকানায় পৌঁছাতে হবে।

**পুরস্কার:**

রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরে জানানো হবে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ের আলোকে আপনার নিয়ন্ত্রণাধীন/আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের মাধ্যমে মাদকবিরোধী রচনা প্রতিযোগিতায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে আপনার সহযোগিতা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।


জেলা শিক্ষা অফিসার

রাজশাহী

ও

সদস্য

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি, রাজশাহী।



(মো: আলমগীর হোসেন)

উপপরিচালক

ফোন নং- ০২৫৮৮৮০০০৮৩

মোবাইল নং-০১৪০৪-০৭২৪০৩।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, রাজশাহী ও সভাপতি, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি, রাজশাহী।

২। পরিচালক(অপারেশনস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ও আহ্বায়ক, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা উপকমিটি।

৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী।

৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা,----- ও সভাপতি, উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি,-----, রাজশাহী।

৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার,-----, রাজশাহী।

৭। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী(প্রচারের অনুরোধসহ)।

৮। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, "ক"/"খ" সার্কেল, জেলা কার্যালয়, রাজশাহী(তাকে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করে সর্বোচ্চ সংখ্যক রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ ও তা প্রাপ্তির নিশ্চিতকরণের নির্দেশনাসহ)।

৯। হিসাবরক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী(তাকে ওয়েব সাইটে আপলোডের নির্দেশনাসহ)।

১০। অফিস কপি/মাস্টার কপি।